

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৮৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ শরীয়তের নির্দেশাবলী লংঘন করতে দেখলে ক্রোধান্বিত হওয়া এবং আল্লাহর দ্বীনের সংরক্ষণ ও পৃষ্ঠপোষকতার বিবরণ

## আববী

وَعَنهُا: أَنَّ قُرِيْشًا أَهُمَّهُمْ شَأْنُ الْمَرَأَةِ الْمَخزُوْمِيَّةِ الَّتِيْ سَرَقَتْ فَقَالُوا: مَنْ يُكلِّمُ فِيْهَا رَسُوْلَ اللهِ عَلِيْ إِلاَّ أُسَامَةُ بِنُ زَيْدٍ حِبُّ رَسُوْلِ اللهِ عَلِيْ إِلاَّ أُسَامَةُ بِنُ زَيْدٍ حِبُّ رَسُوْلِ اللهِ عَلِيْ إِلاَّ أُسَامَةُ بِنُ زَيْدٍ حِبُّ رَسُوْلِ اللهِ عَلِيْ ؟ فَكَلَّمَهُ أُسَامَةُ فَقَالَ رَسُوْلُ اللهِ عَلِي اللهِ عَلَيْهِ إِلاَّ أُسَامَةُ بِنْ حُدُودِ اللهِ تَعَالَى ثُمَّ قامَ فَاخْتَطَبَ فَكَلَّمَهُ أُسامَةُ فَقَالَ رَسُوْلُ اللهِ عَلَيْهِ أَتَسُفْعُ فِي حَدِّ مِنْ حُدُودِ اللهِ تَعَالَى ثُمَّ قامَ فَاخْتَطَبَ ثُمَّ قَالَ إِنَّمَا أَهْلَكُ مَنْ قَبْلَكُمْ أَنَّهُمْ كَانُوا إِذَا سَرَقَ فِيهِمُ الشَّرِيفُ تَرَكُوهُ وَإِذَا سَرَقَ فِيهِمُ الضَّعِيفُ أَقامُوا عَلَيْهِ الحَدَّ وَايْمُ الله لَوْ أَنَّ فَاطَمَةَ بِنْتَ مُحَمَّدٍ سَرَقَتْ لَقَطَعتُ يَدَهَا مَتَقَدٌ عَلَيْهِ

## বাংলা

(৩৫৮৩) আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) থেকেই বর্ণিত, যে মাখযূমী মহিলাটি চুরি করেছিল তার ব্যাপারটি কুরায়েশদেরকে চিন্তাম্বিত করে তুলেছিল। সুতরাং তারা বলল, 'এ ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রিয় উসামাহ বিন যায়দ (রাঃ) ছাড়া আর কে সাহস করতে পারবে?' ফলে উসামাহ (রাঃ) তাঁর সাথে কথা বললেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহর নির্ধারিত দণ্ডবিধির ব্যাপারে তুমি সুপারিশ করছ? অতঃপর তিনি দাঁড়ালেন এবং ভাষণ দিলেন। তাতে তিনি বললেন, "তোমাদের পূর্বেকার লোকেরা এ জন্যই ধ্বংস হয়েছে যে, তাদের মধ্যে সম্রান্ত ব্যক্তি চুরি করলে তারা তাকে ছেড়ে দিত। আর যখন তাদের মধ্যে কোন দুর্বল ব্যক্তি চুরি করত, তখন তারা তাকে শাস্তি প্রদান করত। আল্লাহর কসম! যদি মুহাম্মাদের কন্যা ফাতেমা চুরি করত, তাহলে আমি তারও হাত কেটে দিতাম।

## ফুটনোট

(বুখারী ৩৪৭৫, মুসলিম ৪৫০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=67331}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন